শ্রমিক হেল্পলাইন
১৬৩৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপ-মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট
বাড়ী-১২/১, সড়ক-৭, ব্লক-এ, শাহজালাল উপশহর, সিলেট
http://dife.sylhet.gov.bd/

নিরাপদ কর্মপরিবেশ
টেকসই উন্নয়নের পথে
বাংলাদেশ

স্মারক নম্বর: ৪০.০১.৯১০০.১০১.০৬.০০৩.১৯.৩৩

তারিখ: ১১ ভাদ্র ১৪২৬
২৬ আগস্ট ২০১৯

বিষয়: **উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত আয়োজন প্রসঙ্গে।**

জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার সংস্থান মোতাবেক বাংলাদেশের প্রতিটি উপজেলায় শিশুশ্রম নিরসনে পরিবীক্ষণ কমিটি গঠন সংক্রান্ত গেজেট গত ১ জুলাই ২০১৮ তারিখে প্রকাশিত হয় (কপি সংযুক্ত)। এতে উপজেলা নির্বাহী অফিসারগণ সভাপতি এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির কার্যপরিধি উল্লিখিত গেজেটে বর্ণিত রয়েছে।

২। গত ২৩ জুলাই ২০১৯ তারিখে বিভাগীয় কমিশনার, সিলেট মহোদয়ের সভাপতিত্বে বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC), সিলেট-এর ৮ম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিসমূহের সভা নিয়মিত আয়োজন করার উপর গুরুত্বারোপ করা হয়েছে। এ বিষয়ে সিলেট বিভাগের চারটি জেলার মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালকগণকে উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনে অধীনস্ত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার বিষয়টি আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ, অবস্থায় উল্লিখিতি সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্য সম্পাদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (কার্যবিবরণী সংযুক্ত)

সংযুক্তি :
১। উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি গেজেট।
২। বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC), সিলেট-এর ৮ম সভার কার্যবিবরণী।

২৬-৮-২০১৯
তপন বিকাশ তঞ্চঙ্গ্যা
উপ -মহাপরিদর্শক

বিতরণ :
১) উপপরিচালক জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়উপপরিচালকের কার্যালয়,মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট
২) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,সুনামগঞ্জ
৩) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,মৌলভীবাজার
৪) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,হবিগঞ্জ

স্মারক নম্বর: ৪০.০১.৯১০০.১০১.০৬.০০৩.১৯.৩৩/১(১৩)

তারিখ: ১১ ভাদ্র ১৪২৬

২৬ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর; বালাগঞ্জ; জৈন্তাপুর; গোলাপগঞ্জ; দক্ষিণ সুরমা; ফেঞ্চুগঞ্জ; গোয়াইনঘাট; বিয়ানীবাজার; কোম্পানীগঞ্জ; কানাইঘাট; ওসমানীনগর; বিশ্বনাথ; জকিগঞ্জ।

Tapanbikash

২৬-৮-২০১৯

তপন বিকাশ তঞ্চঙ্গ্যা

উপ -মহাপরিদর্শক